

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.১৭৮.২২. ০৪৪

তারিখ: ০৮/০১/২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : ০৩ দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণের জন্য গঠিত প্রশিক্ষক পুল/প্যানেল এর তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় এর আওতায় সুফলভোগীদের আত্ম-কর্মসংস্থান সৃজনের লক্ষ্যে আইজিএ ভিত্তিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণসমূহ সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের স্বার্থে অনুমোদিত ডিপিপি'র নির্দেশনা অনুযায়ী জেলা পর্যায়ে ১টি কমিটির মাধ্যমে বিষয় ভিত্তিক প্রশিক্ষক পুল/প্যানেল গঠন করার নির্দেশনা রয়েছে, যা প্রয়োজনে সময়ে সময়ে প্রশিক্ষক পুল/প্যানেলে দক্ষ প্রশিক্ষক/খামারীকে অন্তর্ভুক্ত করা যাবে। কিন্তু জেলা ভিত্তিক উক্ত প্রশিক্ষক পুল/প্যানেলের তালিকা প্রকল্প দপ্তরে সংরক্ষিত না থাকায় তা কর্তৃপক্ষ কর্তৃক চাহিদা অনুযায়ী প্রদান করা সম্ভব হয় না।

এমতাবস্থায়, জেলা পর্যায়ে গঠিত বিষয় ভিত্তিক প্রশিক্ষক পুল/প্যানেলের তালিকা আগামী ১৮/০১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রকল্পে সদর দপ্তরে প্রেরণ করার অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৪১০১০৩৪১

উপপরিচালক,
বিআরডিবি, জেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল জেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা.....(প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা:(প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৫. অফিস নথি।